

গবেষণার মান উন্নয়নে ব্রিতে দুই দিনব্যাপী কর্মশালা শুরু

■ গাজীপুর প্রতিনিধি

গবেষণার মান উন্নয়নে ইনস্টিটিউটবহির্ভূত বিশেষজ্ঞ প্যানেলের সঙ্গে ব্রির বিজ্ঞানী-কর্মকর্তাদের অভিজ্ঞতা বিনিময় শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালা গতকাল বুধবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) সদর দপ্তরে শুরু হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশনের (কেজিএফ) অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে। সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। কর্মশালায় বিশেষজ্ঞ প্যানেলের নেতৃত্ব দেন সাবেক সচিব ও ব্রির সাবেক মহাপরিচালক ড. জহুরুল করীম। ব্রির গবেষণা উন্নয়ন এবং অর্জন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. শাহজাহান কবীর। পর্যালোচনা ও মূল্যায়ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক ড. মতিউর রহমান। বক্তব্য রাখেন বিএআরসির পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের সদস্য পরিচালক ড. মো. আব্দুস সালাম, ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান প্রমুখ। ব্রির উর্ধ্বতন বিজ্ঞানী এবং বিভাগীয় ও শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন।

তারিখঃ ২১-০৭-২০২২ (পৃঃ ১২)

ব্রিতে বিজ্ঞানীদের দু'দিনের কর্মশালা শুরু

■ গাজীপুর প্রতিনিধি

গবেষণার মান উন্নয়নে ইনস্টিটিউট বহির্ভূত বিশেষজ্ঞ প্যানেলের সঙ্গে ব্রির বিজ্ঞানী-কর্মকর্তাদের অভিজ্ঞতা বিনিময় শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। বুধবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর সদর দপ্তরে এ কর্মশালা শুরু হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ)-এর অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)-এর পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে।

সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। কর্মশালায় বিশেষজ্ঞ প্যানেলের নেতৃত্ব দেন সাবেক সচিব ও ব্রির সাবেক মহাপরিচালক ড. জহুরুল করীম। ব্রির গবেষণা উন্নয়ন এবং অর্জন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোঃ শাহজাহান কবীর। পর্যালোচনা ও মূল্যায়ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক ড. মতিউর রহমান। ধন্যবাদ জ্ঞাপন করেন বিএআরসির পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের সদস্য পরিচালক ড. মোঃ আব্দুস সালাম। বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেদুলজামান।